দৈনিক বাংলা

তারিখ ... 10 JUL 1995 ...
পৃষ্ঠা ৭ কলাম ৫

49

# ইসলামী ভার্সিটি ঃ ছাত্র বহিষ্কারে অভিভাবকদের উদ্বেগ

কুষ্টিয়া, ৯ জুলাই (ইউএনবি)।– ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছয় ছাত্র বহিষ্কারের ব্যাপারে জেলার রাজনৈতিক নেতৃবৃন্দ এবং অভিভাবকগণ উদ্বেগ প্রকাশ করেছেন।

তাঁরা বলেন, এ সিদ্ধান্ত প্রাতিষ্ঠানিক পরিবেশের অনুপযোগী। তাঁরা এ সিদ্ধান্ত মানবিকভাবে পুনর্বিচারের জন্য সিন্ডিকেটের প্রতি আহবান জানান।

বিভিন্ন অভিযোগের পরিপ্রেক্ষিতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছয় ছাত্রকে স্থায়ীভাবে বহিষ্কার করা হয়। এদের মধ্যে ৩ জন আওয়ামী ছাত্রলীগ এবং ৩ জন ইসলামী ছাত্র শিবিরকর্মী। বহিষ্কৃত ছাত্ররা হলো, অর্থনীতি বিভাগের শেষ বর্ষের ছাত্র আফসার আলী, অর্থনীতি বিভাগের দ্বিতীয়বর্ষের ছাত্র আনোয়ার হোসাইন, স্বপন, লোক প্রশাসনের দ্বিতীয় বর্ষের ছাত্র আবদুল আজিজ ও জাকির হোসেন, ব্যবস্থাপনা দ্বিতীয় বর্ষের ছাত্র আবু জাফর এবং মাসুদুল আলম।